

2018

ECONOMICS – HONOURS

Paper : CC-1

Full Marks : 65

Candidates are required to give their answers in their own words  
as far as practicable.

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

বিভাগ-ক

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০

- (ক) “দাম বৃদ্ধির ফলে পেট্রোলের চাহিদা হ্রাস পায়”।  
— বাক্যটি ইতিবাচক (positive) না মূল্যবোধভিত্তিক (normative) তা যুক্তিসহ ব্যাখ্যা করো।
- (খ) সমতা-দক্ষতার পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত নীতি সিদ্ধান্তটি ব্যাখ্যা করো :  
“মধ্যপ্রদেশ সরকার কৃষকদের বকেয়া ঋণ মকুব করেছে, কারণ তারা ক্ষতির সম্মুখীন হয়েছেন।”
- (গ) চাহিদা নির্ধারণকারী অন্যান্য বিষয়গুলি অপরিবর্তিত থাকাকালীন তিতলির আয় কমে এবং তার ফলে সে আরো পালং শাক কেনে। পালং শাক কী ধরনের দ্রব্য? আয় কমার ফলে তিতলির পালং শাকের চাহিদা রেখার উপর কী প্রভাব পড়ে?
- (ঘ) একটি ধনাত্মক ঢাল সম্পন্ন জোগান রেখার অন্তর্নিহিত যুক্তি ব্যাখ্যা করো।
- (ঙ) একটি বাজার অর্থনীতিতে সরকারের ভূমিকা কী?
- (চ) স্বাভাবিক একচেটিয়া কারবার বলতে কী বোঝো?
- (ছ) “একটি সরলরৈখিক চাহিদা রেখার প্রতিটি বিন্দুতে স্থিতিস্থাপকতার মান সবসময় আলাদা হয়।” — উক্তিটি ঠিক, ভুল না অনিশ্চিত তা যুক্তি সহকারে বোঝাও।
- (জ) ভ্যান গঘের আঁকা একটি চিত্র, না কি একই চিত্রের একটি মুদ্রণ — কোনটির জোগান বেশি স্থিতিস্থাপক হবে বলে তুমি মনে করো? কেন?
- (ঝ) দ্রব্যের উপর ভরতুকি কীভাবে ক্রেতার প্রদত্ত মূল্য ও বিক্রেতার প্রাপ্ত মূল্যকে প্রভাবিত করে?
- (ঞ) সম-প্রান্তিক উপযোগিতার নীতি কাকে বলে?
- (ট) এক ব্যক্তি বিনিয়োগের ক্ষেত্রে ঝুঁকি পছন্দ করেন না, কিন্তু বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় পছন্দ করেন। ওই ব্যক্তির ঝুঁকি ও আয়ের মধ্যের নিরপেক্ষ রেখা-মানচিত্রটি অঙ্কন করো।
- (ঠ) যদি X ও Y-এর পারস্পরিক দাম-স্থিতিস্থাপকতা ধনাত্মক হয়, তবে X ও Y-এর সম্পর্ক নিরূপণ করো।
- (ড) কীভাবে দাম-স্থিতিস্থাপকতার মান মোট আয়কে প্রভাবিত করে?
- (ঢ) বিটু ও রানি দুজনে পেট্রোল পাম্পে গাড়ি চালিয়ে গেল। পেট্রোলের দাম জিজ্ঞাসা না করেই বিটু ২৫ লিটার পেট্রোল কিনল ও রানি ২০০০ টাকার পেট্রোল কিনল। বিটু ও রানির ক্ষেত্রে পেট্রোলের দাম-স্থিতিস্থাপকতা নির্ধারণ করো।
- (ণ) যখন প্রান্তিক বিনিময় হার পরিবর্তনশীল তখন নিরপেক্ষ রেখার আকৃতি ব্যাখ্যা করো।

Please Turn Over

বিভাগ-খ

- ২। যে-কোনো তিনটি বিষয়ের উপর সংক্ষিপ্ত টীকা লেখো :
- (ক) স্থিতিস্থাপকতা এবং ক্রেতা ও বিক্রেতার উপর করঘাতের বোঝা।  
(খ) ওয়ালরাস এবং মার্শালের ভারসাম্যের স্থায়িত্ব।  
(গ) সাধারণ সম্পদ এবং রাষ্ট্রীয় দ্রব্য।  
(ঘ) অর্থনৈতিক কাজকর্ম সংগঠিত করায় বাজারের দক্ষতা।  
(ঙ) সংখ্যাবাচক (cardinal) এবং ক্রমবাচক (ordinal) উপযোগিতা।

৫×৩

বিভাগ-গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ৩। ধরা যাক ভারতে একজন কর্মী প্রতি মাসে ১৫টি কম্পিউটার বা ৫ টন শস্য উৎপাদন করতে পারে। অন্যদিকে বাংলাদেশে একজন শ্রমিক প্রতি মাসে ৪টি কম্পিউটার বা ৪ টন শস্য উৎপাদন করতে পারে। সুবিধার জন্যে ধরা যাক দুটি দেশেই মাত্র একজন করে কর্মী আছে।
- (ক) দুটি দেশের উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন করো।  
(খ) ভারতে একটি কম্পিউটারের সুযোগ-ব্যয় কত? ভারতে এক টন শস্যের সুযোগ-ব্যয় কত?  
(গ) বাংলাদেশে একটি কম্পিউটারের সুযোগ-ব্যয় কত? বাংলাদেশে এক টন শস্যের সুযোগ-ব্যয় কত?  
(ঘ) কম্পিউটার উৎপাদনে কোন দেশের চরম সুবিধা আছে? শস্য উৎপাদনে কোন দেশের চরম সুবিধা আছে?  
(ঙ) কম্পিউটার উৎপাদনে তুলনামূলক সুবিধা কোন দেশের? শস্য উৎপাদনে তুলনামূলক সুবিধা কোন দেশের?  
(চ) কোন দেশে কোন দ্রব্য উৎপাদনে বিশেষায়ন ঘটবে? কেন?  
(ছ) শস্যের পরিপ্রেক্ষিতে কম্পিউটারের আপেক্ষিক মূল্যের পরিসর কী হলে দুটি দেশই বাণিজ্যের ফলে উপকৃত হবে?

২+১+১+১+১+২+২

- ৪। (ক) নিম্নলিখিত নীতিগুলি সিগারেটের চাহিদাকে কীভাবে প্রভাবিত করে?

- (অ) সিগারেট প্যাকেটের উপর বাধ্যতামূলক সতর্কতা।  
(আ) সিগারেটের প্যাকেট প্রতি কর আরোপ।  
(খ) টম্যাটো কেচাপ আর ফিশ ফ্রাই একে অন্যের পরিপূরক। যদি মাছের দাম বাড়ে, চাহিদা ও জোগান রেখার সাহায্যে দেখাও যে টম্যাটো কেচাপের বাজারে, টম্যাটোর বাজারে, টম্যাটো রসের বাজারে এবং কমলালেবুর রসের বাজারে ভারসাম্য দাম ও উৎপাদনের পরিমাণ কীভাবে প্রভাবিত হয়।

২+(২+২+২+২)

- ৫। (ক) ভোগের বিযুক্তিকরণ ও প্রতিদ্বন্দিতার বৈচিত্র্যের সাপেক্ষে নিম্নলিখিত দ্রব্যগুলি কীসের আওতায় পড়বে ব্যাখ্যা করো।
- (অ) গঙ্গানদীতে ইলিশ  
(আ) বিদ্যাসাগর সেতু (দ্বিতীয় হুগলি সেতু)  
(ই) রবীন্দ্র সেতু (হাওড়া ব্রিজ)  
(ঈ) আতসবাজি প্রদর্শন।
- (খ) সরকার শীততপ যন্ত্রের উপর ১০০০ টাকা কর আরোপ করল। এর ফলে শীততপ যন্ত্রের দাম ১০০০ টাকা, না তার বেশি, না তার কম হবে, তা নিম্নলিখিত ক্ষেত্রে ব্যাখ্যা করো।
- (অ) শীতকালে  
(আ) গ্রীষ্মকালে।
- (গ) একটি বাজারে চাহিদারেখা ও জোগানরেখার নিম্নলিখিত রূপ হল—
- $$Q^s = 2P$$
- $$Q^D = 300 - P$$
- (অ) ভারসাম্য দাম ও উৎপাদন কী হবে?  
(আ) ধরা যাক ক্রেতাদের উপর "T" কর আরোপিত হল যার ফলে নতুন চাহিদারেখাটি হল—
- $$Q^D = 300 - (P + T)$$
- বিক্রেতারা কত মূল্য পাবেন, ক্রেতারা কত মূল্য প্রদান করবেন এবং কতটা পরিমাণ দ্রব্য বিক্রীত হবে?  
8+(1+1)+(1+0)
- ৬। (ক) ধরা যাক, সরকার অদক্ষ শ্রমের বাজারে ন্যূনতম মজুরির হার ভারসাম্য মজুরির হারের উপর ধার্য করল। জোগান এবং চাহিদা রেখার সাহায্যে অদক্ষ শ্রমিকের বাজারের মজুরির হার, কর্মরত শ্রমিকদের সংখ্যা, কর্মহীন শ্রমিকদের সংখ্যা চিহ্নিত করো। এছাড়াও অদক্ষ শ্রমিকদের মোট প্রাপ্ত মজুরির পরিমাণ নির্দেশ করো।
- (খ) মনে করা যাক সরকার ন্যূনতম মজুরির হার আর একটু বাড়ানোর প্রস্তাব দিল। এই বৃদ্ধি কর্মসংস্থানের উপর কী প্রভাব ফেলবে? কর্মসংস্থানের উপর এই প্রভাব চাহিদার স্থিতিস্থাপকতা, না কি জোগানের স্থিতিস্থাপকতার, না কী উভয়ের স্থিতিস্থাপকতার উপরই নির্ভর করবে অথবা কোনোটির উপরই নির্ভর করবে না? তোমার উত্তরের সপক্ষে কারণ দেখাও।
- (গ) সরকার কর্তৃক ন্যূনতম মজুরির হার বৃদ্ধি কর্মহীনতার উপর যে প্রভাব ফেলবে তা (খ)-এর উত্তরের চেয়ে কি আলাদা হবে? ব্যাখ্যা দাও।  
8+(1+2)+(1+2)
- ৭। (ক) ধরা যাক, একজন ভোক্তা X এবং Y দুটি সম্পূর্ণ পরিপূরক দ্রব্য ভোগ করেন। X-এর চাহিদা রেখা এবং এঞ্জেল রেখার আকৃতি কীরকম হবে?
- (খ) হিকস পদ্ধতি এবং স্লাটস্কি পদ্ধতিতে কীভাবে দাম প্রভাবকে আয় প্রভাব ও পরিবর্ত প্রভাবে বিভক্ত করা হয় তার পার্থক্য নির্দেশ করো।  
(২+২)+৬



[English Version]

*The figures in the margin indicate full marks.*

**Section-A**

1. Answer *any ten* questions:

2×10

- (a) "Demand for petrol falls as its price rises".— Justify whether the statement is positive or normative.
- (b) Explain the following policy decision in terms of equity-efficiency perspective :  
"The Madhya Pradesh government waived the loans of the farmers as they had suffered losses".
- (c) Other things determining demand remaining constant, Titli's income declines and, as a result, she buys more spinach. What kind of good is spinach? What happens to Titli's demand curve for spinach?
- (d) What is the rationale underlying a positively sloped supply curve?
- (e) What is the role of government in a market economy?
- (f) What is natural monopoly?
- (g) "A linear demand curve will necessarily have different elasticity along the curve".— Examine whether this statement is true, false or uncertain.
- (h) A painting by Van Gogh or a print of the same painting by Van Gogh, which would you expect to have more elastic supply? Why?
- (i) How does subsidy on a good affect the price paid by buyers and the price received by sellers?
- (j) What is the law of equimarginal utility?
- (k) Plot the indifference map for a person between risk and return who does not like risk in investment but likes the return from it.
- (l) If the cross price elasticity of demand between X and Y is positive, determine the relationship between X and Y.
- (m) How does the value of price-elasticity of demand affect total revenue?
- (n) Bittu and Rani each drive to a petrol pump. Without checking the price of petrol, Bittu asks for 25 litre of petrol and Rani asks for ₹ 2,000 worth of petrol. Find the price elasticity of demand for petrol of Bittu and Rani.
- (o) Explain the shape of the indifference curve when marginal rate of substitution (MRS) is rising.

**Section-B**

2. Write short notes on *any three* of the following:

5×3

- (a) Elasticity and burden of tax incidence between buyer and seller.
- (b) Walrasian and Marshallian Stability of Equilibrium.
- (c) Common Property Resource and Public Good.
- (d) Efficiency of Market in organizing economic activity.
- (e) Cardinal utility approach and Ordinal Utility approach.

Section-C

Answer *any three* questions.

3. Suppose a worker in India can produce 15 computers or 5 tons of grain per month. Suppose a worker in Bangladesh can produce 4 computers or 4 tons of grain per month. For simplicity, assume that each country has only one worker.
- Graph the production possibilities frontier for each country.
  - What is the opportunity cost of 1 computer in India? What is the opportunity cost of 1 ton of grain in India?
  - What is the opportunity cost of 1 computer in Bangladesh? What is the opportunity cost of 1 ton of grain in Bangladesh?
  - Which country has the absolute advantage in producing computers? Which country has the absolute advantage in producing grain?
  - Which country has the comparative advantage in producing computers? Which country has the comparative advantage in producing grain?
  - Each country should tend toward specialization in the production of which good? why?
  - Explain the range of relative price of computers in terms of grain for which both countries would benefit? 2+1+1+1+1+2+2
4. (a) How do the following policies work to affect the demand for cigarettes?
- Mandatory health warnings on cigarette packages.
  - Imposing tax per packet of cigarette.
- (b) Tomato ketchup is a complement for fish fry. If the price of fish rises, using supply-demand diagram show what happens to the equilibrium price and quantity in the market for ketchup, for tomatoes, for tomato juice, for orange juice. 2+(2+2+2+2)
5. (a) Using the classification of excludability and rivalry in consumption, explain which category the following goods fall into
- Hilsa fish in river Ganga
  - Vidyasagar Setu (2nd Hooghly Bridge)
  - Rabindra Setu (Howrah Bridge)
  - Fireworks display.
- (b) The government imposes ₹ 1,000 tax on airconditioners. Discuss whether the price of airconditioner will increase more than, less than or equal to ₹ 1,000 in
- Winter
  - Summer.

Please Turn Over

(c) Consider a market with the following demand and supply curves

$$Q^s = 2P$$

$$Q^d = 300 - P$$

(i) What will be the equilibrium price and quantity?

(ii) Suppose that a tax of "T" is placed on buyers, so the new demand equation is

$$Q^d = 300 - (P+T)$$

What will be the price received by the sellers, the price paid by the buyers and the quantity sold? 4+(1+1)+(1+3)

6. (a) Suppose the government imposes minimum wage above the equilibrium wage in the market for unskilled labour. Using supply and demand diagram show the market wage rate, number of workers employed and number of workers unemployed in the market for unskilled labour. Also show the total wage payments to unskilled labour.

(b) Now suppose the government further proposes to increase the minimum wage a little. What effect would this increase in minimum wage have on employment? Does this change in employment depend on the elasticity of demand, the elasticity of supply, both elasticities, or neither? Give reasons.

(c) Would your answer in (b) change if you consider the effect of minimum wage increase on unemployment instead of employment? Explain. 4+(1+2)+(1+2)

7. (a) Suppose a consumer consumes two goods X and Y which are perfect complements to each other. Show what the demand curve and the Engle curve for X will look like.

(b) Distinguish between the Hicks approach and the Slutsky approach relating to the decomposition of price effect into income effect and substitution effect. (2+2)+6

---

MURALIDHAR GIRLS' COLLEGE  
LIBRARY